গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

মুজিব শতবর্ষ

নং-১৫.৫৭.০০০০.০০১.৩৫.০০৮.২০(অংশ-২). ৮২২

তারিখ: ২৮ মাঘ, ১৪২৭
১১ ফেব্রুয়ারি, ২০২১

**বিষয়: লেখক সম্মানী (বকেয়া ও বর্তমান) প্রদান প্রক্রিয়া সহজিকরণ।**

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর সরকারের প্রকাশনার ক্ষেত্রে একটি অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বিশেষ প্রকাশনার মাধ্যমে সরকারের অনুসৃত ও উন্নয়ন কার্যক্রমে জনগণকে সম্পৃক্ত করা এ প্রতিষ্ঠানের মূল লক্ষ্য। এ অধিদপ্তর থেকে নিয়মিত প্রকাশনা-'সচিত্র বাংলাদেশ' ও সচিত্র কিশোর মাসিক পত্রিকা 'নবারুণ' প্রকাশনার মাধ্যমে সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড ছাড়াও দেশের ইতিহাস ও ঐতিহ্য, সাহিত্য-সংস্কৃতি তুলে ধরা হয়ে থাকে। এসব প্রকাশনায় দেশের বিভিন্ন প্রান্তের লেখকদের লেখা প্রকাশিত হয়ে থাকে এবং সরকারি নীতিমালা অনুযায়ী নির্ধারিত হারে লেখকগণ লেখক সম্মানী প্রাপ্ত হয়ে থাকেন।

বিদ্যমান ব্যবস্থায় লেখা প্রকাশ এবং বিল প্রস্তুত বিষয়ে লেখকগণকে অবহিতকরণের পদ্ধতি না থাকায় লেখকগণ এ বিষয়ে জানতে পারেন না। ফলে দীর্ঘদিন ধরে সম্মানীর টাকা অপরিশোধিত থেকে যায়। এছাড়া ঢাকার বাইরে অবস্থানকারী এবং অসুস্থতা বা অন্য কারণে অফিসে এসে সম্মানী সংগ্রহে অক্ষম লেখকদের সম্মানীও অপরিশোধিত থেকে যায়।

এ অবস্থায়, সহজে, দ্রুত এবং বিনা ভোগান্তিতে লেখক সম্মানী প্রদান পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো;

(ক) লেখকের নিকট হতে লেখা প্রাপ্তির সাথে ফোন নম্বর, ই-মেইল নম্বর এবং পূর্ণাঙ্গ ঠিকানা আবশ্যিকভাবে সংগ্রহ করতে হবে। এতে পরবর্তীতে যেকোন সমস্যায় লেখকের সাথে যোগাযোগ করা সম্ভব হবে।

(খ) লেখা প্রকাশিত হওয়ার সাথে সাথে ক্ষুদে বার্তার (মেসেজ) মাধ্যমে লেখককে অবহিত করতে হবে এবং লেখকের ঠিকানায় সৌজন্য কপি প্রেরণ নিশ্চিত করতে হবে। এরপর লেখক সম্মানীর বিল ক্যাশ হওয়ার সাথে সাথে তা গ্রহণের জন্য ক্ষুদে বার্তার (মেসেজ) মাধ্যমে লেখককে অবহিত করতে হবে।

(গ) লেখকগণ সরাসরি অফিসে এসে ক্যাশ শাখা থেকে সম্মানী গ্রহণ করতে পারেন।

(ঘ) ঢাকার বাইরে অবস্থান বা অসুস্থতা বা অন্য কারণে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সম্মানী পেতে আগ্রহী লেখকগণকে নগদ/বিকাশ/রকেট-এর মাধ্যমে সম্মানী প্রদান করতে হবে।

(ঙ) এক্ষেত্রে লেখক যে নির্দিষ্ট বিকাশ/নগদ/রকেট একাউন্ট নাম্বারে সম্মানী পেতে ইচ্ছুক তা উল্লেখ করে সংশ্লিষ্ট লেখকের লেখার সাথে প্রদত্ত মোবাইল নাম্বার/ই-মেইল থেকে সম্পাদকের মোবাইলে ক্ষুদে বার্তা বা ই-মেইলের মাধ্যমে আবেদন করতে হবে।

(চ) মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সম্মানী প্রদানের ক্ষেত্রে প্রাপ্তি স্বীকার পত্র সংরক্ষণ করতে হবে।

(ছ) সিনিয়র সম্পাদক (সচিত্র বাংলাদেশ ও নবারুণ) প্রস্তাবিত সহজিকরণ পদ্ধতিটি বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট সম্পাদনা শাখার সম্পাদক/কর্মকর্তা/কর্মচারিদের প্রয়োজনীয় দায়িত্ব প্রদান, নির্দেশনা ও তদারকি করবেন।

(জ) দীর্ঘ দিন ধরে অপরিশোধিত থাকা বকেয়া সম্মানী পরিশোধের ক্ষেত্রে লেখকগণের লিস্ট তৈরী করে যাচাই-বাছাইপূর্বক বিভিন্ন লেখক, লেখক ডিরেক্টরি এবং প্রাক্তন কর্মচারীদের সহায়তায় মোবাইল নম্বর সংগ্রহপূর্বক মোবাইল ব্যাংকিং বা সরাসরি সম্মানী প্রদানের বিষয়ে সিনিয়র সম্পাদক (সচিত্র বাংলাদেশ ও নবারুণ) কর্তৃক গৃহীত উদ্যোগ অব্যাহত থাকবে। এর ফলে ইতোমধ্যেই অনেক লেখককে তাঁদের দীর্ঘদিন ধরে পড়ে থাকা সম্মানী প্রদান করা সম্ভব হচ্ছে। এতে লেখকগণ লিখিতভাবে তাঁদের ব্যাপক সন্তোষ ব্যক্ত করেছেন। চলমান এ উদ্যাগে সম্পাদনা শাখার (সচিত্র বাংলাদেশ ও নবারণ) কর্মকর্তা/কর্মচারিবৃন্দ, ম্যানেজার এবং ক্যাশিয়ারসহ সংশ্লিষ্ট সকলে প্রয়োজন অনুযায়ী সহযোগিতা করবেন।

(ঝ) সকল প্রকার সম্মানী পরিশোধের ক্ষেত্রে যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

20.02.2025

(ঞ) প্রস্তাবিত সহজিকরণ প্রক্রিয়ার জন্য ম্যাসেজ বান্ডেল ক্রয়, মোবাইল বিল মোবাইল ব্যাংকিংয়ের খরচ মাসিক বিল করার মাধ্যমে পরিশোধ করা হবে।

লেখক সম্মানী প্রদানের ক্ষেত্রে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করা হলে লেখকের প্রেরিত লেখা পত্রিকার কোন সংখ্যায় প্রকাশ হলো এবং কখন সম্মানী প্রস্তুত হলো সে বিষয়ে সময়মতো জানতে পারবেন। এতে স্বল্প সময়ে ও সহজে লেখকগণ প্রাপ্য সম্মানী পাবেন। যাতায়াত ব্যয় অনেক কমে যাবে। লেখক তথা সেবা গ্রহণকারীর সন্তুষ্টি বহুগুণ বৃদ্ধি পাবে। লেখা ও পত্রিকার মান বৃদ্ধি পাবে। সর্বোপরি, সরকারি অফিসের সেবা প্রদান বিষয়ে সেবা গ্রহীতার ইতিবাচক ধারণা তৈরী হবে। এর ফলে এ অধিদপ্তরের সেবা গ্রহীতার ভোগান্তি দূর হবে।

সংশ্লিষ্ট সকলকে উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

10.02.2021


স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৮৩৩১০৩৪।


সংযুক্তি:

০১। লেখক সম্মানী প্রদান সেবার বিদ্যমান প্রসেস ম্যাপ।
০২। লেখক সম্মানী প্রদান সেবার প্রস্তাবিত প্রসেস ম্যাপ।
০৩। বিদ্যমান সমস্যা এবং সমস্যা সমাধানে প্রস্তাব সম্বলিত সুপারিশমালা।

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):


১। জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব ইসরাত জাহান, উপপরিচালক (প্রকাশনা) ও সদস্য, ইনোভেশন টিম, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং সদস্য ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। ওয়েবসাইট
৭। অফিস কপি।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# প্রস্তাবিত প্রসেস ম্যাপ

লেখক সম্মানী (বকেয়া ও বর্তমান) প্রদান সহজিকরণ




**দুই পদ্ধতিতেপদ্ধতিতে লেখক সম্মানী প্রদান:**

- বকেয়া সম্মানী: সরাসরি ও মোবাইল ব্যাংকিং
- বর্তমান সম্মানী:
- সরাসরি ও মোবাইল ব্যাংকিং

20.02.2025